

তারিখ ... 09 JUL 1989 ...

পৃষ্ঠা... কলাম 2

(20)



**পরীক্ষা পদ্ধতি দুর্নীতিমুক্ত
করার লক্ষ্যে কতিপয়
সিদ্ধান্ত গ্রহণ**

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম
পরীক্ষা ব্যবস্থার সকল স্তর হইতে
দুর্নীতি ও অব্যবস্থার অবশিষ্টাংশ
নির্মূল করার জন্য পরীক্ষা আরও
বৈজ্ঞানিক ও সুবিন্যস্ত করার উপর
গুরুত্ব আরোপ করিয়াছেন। মন্ত্রী
গতকাল (শনিবার) শিক্ষা মন্ত্রণা-
লয়ের সভাকক্ষে অনুষ্ঠিত দেশের
(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

**পরীক্ষা ব্যবস্থা
(১ম পৃঃ পর)**

চারটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক
শিক্ষা বোর্ড, মাদ্রাসা শিক্ষা বোর্ড
ও কারিগরি শিক্ষা বোর্ড এবং
শিক্ষা মন্ত্রণালয় ও ইহার অধীনস্থ
অধিদপ্তরসমূহের উর্ধ্বতন কর্ম-
কর্তাদের এক বৈঠকে সভাপতির
বক্তৃতা দিতেছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, প্রেসিডেন্ট
এরশাদের নির্দেশে সাম্প্রতিককালে
পরীক্ষা ক্ষেত্র হইতে সকল প্রকার
দুর্নীতি উচ্ছেদের জন্য গৃহীত
ব্যবস্থাসমূহ কঠোরভাবে প্রতি-
পালিত হওয়ায় ইতিমধ্যেই সুফল
পাওয়া গিয়াছে এবং তাহা শিক্ষানু-
রাগী ব্যক্তি ও জনগণ কর্তৃক
ব্যাপকসমাদৃত হইয়াছে। সভায়
পরীক্ষা পদ্ধতি আরও সুবিন্যস্ত এবং
সম্পূর্ণ দুর্নীতিমুক্ত করার লক্ষ্যে
কতিপয় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত
হয়। সভায় শিক্ষা সচিব হেদা-
য়েত আহমেদও বক্তৃতা করেন।
—তথ্য বিবরণী।